# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 03-06-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

১। কড়া নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে আগামীকাল দেশের ৫৪২ টি লোকসভা আসনের ভোটগণনা ।

২। আসামের ৫২ টি কেন্দ্রে আগামীকাল সকাল ৮ টা থেকে ভোটগণনা/ বরাক উপত্যাকার দুটি লোকসভা আসনের ভোটগণনার প্রস্তুতি সম্পন্ন ।

এবং

৩। এবারের লোকসভা নির্বাচনে ৬৪ কোটি ২০ লক্ষের ও বেসী ভোটদাতা ভোটাধিকার সাব্যস্ত করে বিশ্ব রেকর্ড সৃষ্টি করেছেন বলে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের প্রকাশ ।

---

লোকসভা নির্বাচনের আগামীকাল অনুষ্ঠেয় ভোটগননার প্রস্তুতি প্রায় সম্পূর্ন হয়ে উঠেছে । আগামীকাল অন্ধ্রপ্রদেশ ও ওড়িশা বিধানসভা নির্বাচনের ভোটগননা সহ কয়েকটি বিধানসভা আসনের উপ নির্বাচনের ও ভোটগননা করা হবে ।সকাল ৮ থেকে ভোটগননা শুরু হবে ।নির্বাচন কমিশনের প্রকাশ করা তথ্য অনুযায়ী ভোট গননার সমগ্র প্রক্রিয়া তথা ফলাফলসমূহ নির্বাচন কমিশনের ওয়েবসাইট results . eci . gov. in সহ ভোটার হেলপলাইন এ্যাপে ও পাওয়া যাবে ।জনসাধারণ এই ভোটার হেল্পলাইন এ্যাপ গুগল প্লে ষ্টোর

অথবা এপল প্লে ষ্টোর থেকে ডাউনলোড করতে পারবে । এছাড়া কমিশন রিটার্নিং আধিকারিক ও কাউন্টিং এজেন্টদের জন্য কমিশনের ওয়েবসাইটে একটি হ্যান্ডবুক ও প্রকাশ করেছে ।

উল্লেখ্য ৭ টি পর্যায়ে অনুষ্ঠিত এবারের লোকসভা নির্বাচনে ৫৪২ টি আসনে ৮ হাজারের ও বেশী প্রার্থী প্রতিদ্বন্দীতায় অবতীর্ন হয়েছেন । এর মধ্যে ১৬ শতাংশ প্রার্থী জাতীয় রাজনৈতিক দলের এবং ৪৭ শতাংশ নির্দল প্রার্থী রয়েছেন ।

এদিকে আসামে ও আগামীকাল ভোটগননার জন্য সব প্রস্তুতি সম্পূর্ন করে তোলা হয়েছে । রাজ্যের ৫০ টি নির্বাচনী জেলায় স্থাপিত ৫২ টি ভোট গননা কেন্দ্রে অনুষ্ঠেয় ভোটগননার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল একথা জানিয়ে বলেছেন যে সকাল ৮ টা থেকে আরম্ভ হোয়া ভোট গননার জন্য মোট ৫ হাজার ৮২৩ জন আধিকারিক - কর্মচারীকে নিয়োগ করা হয়েছে ।ভোটগননা স্বচ্ছ ভাবে সম্পন্ন করা নিশ্চিত করার করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন ৬৪ জন সাধারণ পর্যবেক্ষককে নিযুক্তি দিয়েছে বলে তিনি জানিয়েছেন ।

এদিকে আজ পর্যন্ত রাজ্যের ১৪ জন রিটার্নিং আধিকারিক ১ লক্ষ ২৮ হাজারের ও বেশী ডাক বেলট লাভ করেছেন বলে প্রকাশ করে শ্রী গোয়েল বলেন যে যোরহাট আসনে সর্বাধিক সংখ্যক ডাক বেলট লাভ করা গেছে ।

---

দেশের অন্যান্য রাজ্যের সংগে আসামেও ৫২ টি ভোট গননা কেন্দ্রে আগামীকাল সকাল ৮ টা থেকে থেকে ভোট গননা শুরু হবে ।এর আগের নির্বাচনে প্রথম পোষ্টেল বেলটগুলি গণনা করা হয়েছিল ও এর ৩০ মিনিট পর ই ভি এম খোলার ব্যবস্থা ছিল যদি ও এবারের লোকসভা নির্বাচনে এই নিয়মের কিছু পরিবর্তন করা হয়েছে ।এবার রিটার্নিং আধিকারিক থাকা জেলার ভোটগণনা কেন্দ্রে সকাল ৮ টায় পোষ্টেল বেলট গণনা আরম্ভ হবে ও এর ৩০ মিনিট পর ই ভি এম খোলা হবে । এই কেন্দ্রগুলিতে পোষ্টেল বেলট গননার জন্য পৃথক টেবিলের ব্যবস্থা করা হয়েছে ।অন্যদিকে বাকী জেলাগুলিতে

পোষ্টেল বেলট পেপার গণনা করা হবেনা ।এই ভোটগণনা কেন্দ্রগুলিতে সকাল ৮ থেকে ই ভি এম  এর গণনা আরম্ভ হবে ।

---------------------------------------------------------------------

বরাক উপত্যকার দুটি লোকসভা আসন- শিলচর ও করিমগঞ্জে আগামীকাল সকাল ৮ টা থেকে ভোট গণনা শুরু হবে । শিলচর লোকসভা আসনে মোট আটজন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই আসনে কংগ্রেস প্রার্থী সূর্যকান্ত সরকার, বিজেপি প্রার্থী রাজ্যের মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের প্রভাস চন্দ্র সরকার, তৃণমূল কংগ্রেসের রাধেশ্যাম বিশ্বাস, বাঙালি নবনির্মাণ সেনার বারীন্দ্র কুমার দাস, বহুজন মহা পার্টির রাজীব দাস, এবং দুই নির্দল প্রার্থী রাজু দাস ও অনন্ত মোহন রায় । এদিকে করিমগঞ্জ লোকসভা আসনে মোট ২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।তারা হচ্ছেন- এ আইইউ ডিএফ এর সাহাবুল ইসলাম চৌধুরী, বিজেপির কৃপানাথ মালাহ, ভারতীয় জাতীয় কংগ্রেসের হাফিজ রশিদ আহমেদ চৌধুরী, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের প্রজ্জ্বল সুদীপ দেব, রাষ্ট্রীয় উলামা কাউন্সিল’এর আহাদ উদ্দিন এবং ১৯ জন নির্দল প্রার্থী রয়েছেন- দিলীপ কুমার, বিনয় কৃষ্ণ রায়, আব্দুল গফফর তালুকদার, আব্দুল হামিদ, রকিবুল হোসেইন চৌধুরী, সফিকুর রহমান হাজারি, গোপাল চন্দ্র পাল, রশিদ আহমেদ চৌধুরী, সাহেল আহমেদ, আব্দুস সুবহান তাপাদার, আব্দুল বাসিত তাপাদার, দেবাশিস ঘোষ, আব্দুল কালাম মজুমদার, দেবজ্যোতি নাথ, জীবেশ দেব, রশিদ আহমেদ লস্কর, মোহম্মদ নজরুল ইসলাম লস্কর, আলিম উদ্দিন মজুমদার এবং মুজাক্কির হাসান লস্কর ।

---------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের অর্ন্তগত হাইলাকান্দি জেলার হাইলাকান্দি ও আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের ভোট গণনা আগামীকাল সকাল ৮টা থেকে শহরের ভিক্টোরিয়া মেমোরিয়াল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে । হাইলাকান্দি জেলায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে- চার লক্ষ ৭৬ হাজার ৩৩৬ জন । এর মধ্যে তিন লক্ষ ৯১ হাজার ৬৪৩ জন ভোটদান করেছেন । ভোটদানের হার ছিল ৮২ দশমিক ২-২ শতাংশ । ভিক্টোরিয়া মেমোরিয়াল

উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দুটি কক্ষে ভোট গণনা অনুষ্ঠিত হবে এবং প্রতিটি কক্ষে ১৪টি করে গননা টেবিল থাকবে । হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের জন্য ২০টি রাউন্ডে এবং আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের জন্য ২৪টি রাউন্ডে ভোট গণনা হবে । উল্লেখ্য এবারের লোকসভা নির্বাচনে করিমগঞ্জ আসনে মোট ২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায় সকাল ৮ টা থেকে ১০ টি টেবিলে পোষ্টাল বেলট গণনা আরম্ভ হবে । সকাল সাড়ে ৮ টা থেকে ই ভি এম এর গণনা আরম্ভ হবে ।

করিমগঞ্জ জেলার ৪ টি বিধানসভা আসনের উত্তর করিমগঞ্জে ১৪ টি টেবিলে ২২ রাউন্ডে মোট ৩০১ টি ভোট কেন্দ্রের গণনা করা হবে ।

দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা আসনের ৩১২ টি ভোটকেন্দ্রের গণনা ১৪ টি টেবিলে ২৩ রাউন্ডে করা হবে ।

পাথারকান্দি বিধানসভা আসনের মোট ১৯৮ টি ভোটকেন্দ্রের গণনা ১২ টি টেবিলে ১৭ রাউন্ডে করা হবে । রামকৃষ্ণনগর ( অনুসূচিত জাতি) বিধানসভা আসনের ২৪৭ টি ভোটকেন্দ্রের গণনা ১৪ টি টেবিলে ১৮ রাউন্ডে করা হবে ।

প্রতিটি গণনা কক্ষে একজন এ আর ও আধিকারিক থাকবেন ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের ভোটগণনার বিশেষ নির্বাচনী সংবাদ আগামীকাল সকাল ১০ থেকে আকাশবানী শিলচর কেন্দ্র থেকে প্রচার করা হবে । ৫ মিনিটের এই বিশেষ নির্বাচনী সংবাদ প্রথমে সকাল ১০ টা ,এরপর ১১ টা , ১২ টা , একটা , ১ টা ৫০ এবং বিকেল চারটেয় প্রচারিত হবে ।

এ ছাড়া নির্বাচনের ফলাফলের যাবতীয় তথ্য সরাসরি জানার জন্য আগামীকাল আকাশবানী শিলচর কেন্দ্রের বেতার তরংগ ৮২৮ কিলোহার্জে সম্প্রচার করা হবে এবং সামাজিক মাধ্যম ইউটিউব ও ফেসবুকে ও নির্বাচনের ফলাফল সংক্রান্ত তথ্য জানা যাবে ।

---

দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ নতুন দিল্লীতে  আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করে এবারের লোকসভা নির্বাচনে ৬৪ কোটি ২০ লক্ষের ও বেশী ভোটদাতা ভোটাধিকার সাব্যস্ত করে বিশ্ব রেকর্ড সৃষ্টি করতে সক্ষম হয়েছেন বলে জানান । তিনি বলেন যে এবারের সাধারণ নির্বাচনে ৩১ কোটি ২০ লক্ষেরও বেশী মহিলা ভোটদ্যাতা ভোটাধিকার প্রয়োগ করেছেন যা বিশ্বের মধ্যে সর্বাধিক ।মুখ্য নির্বাচন কমিশনার শ্রী কুমার রিটার্নিং আধিকারীকদের টেবিলে গণনাকারী এজেন্টদেরকে উপস্থিত থাকতে দেওয়া হবেনা বলে একাংশ সংবাদমাধ্যমে প্রকাশিত খবরের সত্যতা অস্বীকার করেন ।তিনি বলেন যে এজেন্টদেরকে অনুমতি প্রদান করা হয়েছে ।তিনি বলেন যে এবারে ৩৯ টি ভোটগ্রহণ কেন্দ্রে পুনর ভোটগ্রহণ করা হয়েছে ।২০১৯ সালের সাধারণ নির্বাচনে ৫৪০ টি কেন্দ্রে পুনর ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছিল ।তিনি আরো জানান যে এবারের নির্বাচনে মণিপুর , ঝাড়খন্ড , ছত্তিশগড় , ওড়িষ্যা , পশ্চিমবঙ্গ , মহারাষ্ট্র ও জম্মু-ও কাশ্মীরে কোনধরণের বৃহৎ হিংসাত্মক ঘটনা সংঘঠিত হয়নি ।নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন সঙ্গে জড়িত ৪৯৫ টি অভিযোগের ৯০ শতাংশের ও বেশী নিষ্পত্তি করা হয়েছে বলেও তিনি জানান ।মুখ্য নির্বাচন কমিশনার নির্বাচনী প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য ভোটদাতাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে তারাই নির্বাচনে প্রকৃত বিজয়ী বলে মন্তব্য করেন ।

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট আগামী চৌঠা জুন শিলচর লোকসভা আসনের ভোটগণনা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । আই এস বি টি এবং আই এস টি টি ক্যাম্পাসে কোনো ব্যাক্তি বা গোষ্ঠীর  কোনোধরণের বোমা ,পটকা বা অন্য কোনো উপকরণ বিক্রি ,ক্রয়,বিস্ফোরণ বা বহন করার অনুমতি নেই যা শব্দ বা রাসায়নিক প্রভাব সৃষ্টি করতে পারে ।

এই আদেশ অবিলম্বে কাছাড় জেলায় কার্যকর হয়েছে এবং আগামী ৫ জুন পর্যন্ত বলবৎ থাকবে ।

---------------------------------------------------------------------------

ডিমাহাসাও জেলায় আগামীকাল লোকসভা নির্বাচনের ভোট গণনার পরিপ্রেক্ষিতে জেলা আয়ুক্ত সীমন্ত কুমার দাস সমগ্র জেলায় ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন ।এই নিষেধাজ্ঞা আজ ভোর ৫ টা থেকে আগামী বুধবার ভোর ৫ টা পর্যন্ত বহাল থাকবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের ভোট গণনা আগামীকাল করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ভোট গণনা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে ভোট গণনা প্রাঙ্গনের দুশ মিটার এলাকায় পাঁচ বা ততোধিক ব্যাক্তির দলবদ্ধভাবে চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া কোন ব্যাক্তি বা অন্য কোন সামগ্রী যা অস্ত্র হিসেবে ব্যবহৃত হতে পারে , তা নিয়ে চলাচল করতে পারবে না । এদিকে অনুমোদন বিহীন ব্যাক্তি , দল , সংগঠন , ক্লাব , সোসাইটির সদস্য ও অন্যান্যদের ভোট গণনার দিন করিমগঞ্জ কলেজের গণনা কক্ষের কাছাকাছি চলাচল নিষিদ্ধ থাকছে ।

---------------------------------------------------------------------------

এদিকে করিমগঞ্জ জেলায় আগামীকাল ভোটগণনার দিন  অফিসিয়াল রেকর্ডিং ছাড়া কোনো ধরণের স্টিল বা ভিডিও ক্যামেরা গনণা কক্ষের ভিতরে নেওয়া যাবে না বলে জানানো হয়েছে । গণনার সময় জেনারেল অবজারভার ,পুলিশ অবজারভার ,এক্সপেনডিচার অবজারভার ছাড়াও একজন কাউন্টিং অবজারভার থাকবেন ।  এছাড়া গণনা প্রাঙ্গণে ত্রিস্তরীয় নিরাপত্তা সুরক্ষাবলয় থাকবে ।এতে সি আর পি এফ ,আসাম পুলিশ এবং সি সি টি ভির নজরদারি থাকবে । গণনা প্রাঙ্গণের ১০০ মিটার এলাকার মধ্যে জনসাধারণের চলাচল ও যানবাহনের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে লামডিং রেল ডিভিশনের

অর্ন্তগত শিলচর রেল স্টেশনের পিট লাইন সর্ম্পকিত সমস্যার জন্য আগামীকালের শিলচর-দূর্লভছড়া , ধর্মনগর-শিলচর যাত্রী ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------